

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৬৩

আগরতলা, ১২ ডিসেম্বর, ২০২৪

১৯তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন ১৪ ডিসেম্বর
বর্ণাত্য সাংস্কৃতিক অনুষ্ঠান মেলার অন্যতম আকর্ষণ

আগামী ১৪ ডিসেম্বর থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হচ্ছে ১৩দিনব্যাপী ১৯তম আঞ্চলিক সরস মেলা। এদিন বিকেলে মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহা। ত্রিপুরা সরকারের গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এই মেলার আয়োজন করেছে। আগামী ২৬ ডিসেম্বর, রবিবার আঞ্চলিক সরস মেলার সমাপ্তি হবে। এবারের আঞ্চলিক সরস মেলায় স্বসহায়ক দলগুলির উৎপাদিত পণ্য সামগ্রীর বিপণন ছাড়াও বর্ণাত্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। ১৫ ডিসেম্বর, রবিবার মেলা প্রাঙ্গণে সন্ধ্যায় সঙ্গীত পরিবেশন করবেন ইন্ডিয়ান আইডল খ্যাত সুরভি দেববর্মা। ২২ ডিসেম্বর মেলা প্রাঙ্গণে সঙ্গীত পরিবেশন করবেন জি সারেগামা খ্যাত কলকাতা থেকে আগত লোকসংগীত শিল্পী স্নিতা প্রামাণিক ঘোষ। ২৫ ডিসেম্বর মেলায় পরিবেশিত হবে ত্রিপুরা পাপেট থিয়েটারের নিবেদন পুতুল নাচ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুরনিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, বিধায়ক মিনা রাণী সরকার, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর ও পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা ডা. বিশাল কুমার।
